দৈনিক
ইত্তেফাক

তারিখ : 22 DEC 2015
পৃষ্ঠা : ১৩ কলাম : ১

# জাবিতে চাকরি মেলা শুরু আজ

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ক্যাম্পাসে দুই দিনব্যাপী চাকরি মেলার আয়োজন করেছে বিডিজবস ডটকম। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে এ মেলাটি অনুষ্ঠিত হবে। চলবে বুধবার পর্যন্ত। রবিবার সাংবাদিক সমিতিতে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান, মেলার সমন্বয়ক মোহাম্মদ আলী ফিরোজ। মেলার প্রথমদিন আজ মঙ্গলবার দেশের খ্যাতনামা ২৭টি প্রতিষ্ঠান তাদের ৮৩টি পদের জন্য শিক্ষার্থীদের কাছ থেকে আবেদনপত্র সংগ্রহ করবে। দ্বিতীয়দিন বুধবার বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। যারা জাবি থেকে বিভিন্ন বিষয়ে সদ্য স্নাতক সম্পন্ন করেছে এবং আগামী ১ থেকে ২ মাসের মধ্যে স্নাতক সম্পন্ন করবে তারাই এখানে আবেদন করতে পারবে। মেলায় উপস্থিত থাকবেন ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম, বিডিজবস ডটকমের জেনারেল ম্যানেজার প্রকাশ রায় চৌধুরী, জাবি ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. রাশেদা আখতার প্রমুখ।